গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
সরকারি কার্যভবন-২ (৩য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম
www.taxeszone3ctg.gov.bd

নথি নংঃ মা.রা.স/আসা/কঅ-৩/২০২৫-২০২৬/ তারিখঃ ২৭ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
১২ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ

## রাজস্ব সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভা | : | ফেব্রুয়ারি/২০২৬ মাসের মাসিক রাজস্ব সভা |
| তারিখ | : | ১১ মার্চ, ২০২৬ খ্রি. বুধবার |
| অংশগ্রহণকারী | : | কর অঞ্চল-৩, চট্টগ্রামের সকল কর্মকর্তা ও কর পরিদর্শকবৃন্দ |
| সভাপতি | : | জনাব মোঃ মঞ্জুর আলম<br>কর কমিশনার<br>কর অঞ্চল-৩, চট্টগ্রাম |

বিগত ১১/০৩/২০২৬খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় ভার্চুয়াল প্লাটফর্ম Zoom Apps এর মাধ্যমে কর অঞ্চল-৩, চট্টগ্রামের সম্মানিত কর কমিশনার জনাব মোঃ মঞ্জুর আলম এর সভাপতিত্বে মাসিক রাজস্ব সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এ কর অঞ্চলের অতিরিক্ত কর কমিশনার, যুগ্ম কর কমিশনার, উপ কর কমিশনার, সহকারী কর কমিশনার, অতিরিক্ত সহকারী কর কমিশনার ও কর পরিদর্শকবৃন্দ সংযুক্ত ছিলেন। সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানান এবং কুশল বিনিময় করেন। উপ কর কমিশনার, সদর দপ্তর প্রশাসন, সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

সভায় সম্মানিত কর কমিশনার সার্কেল কর্মকর্তা এবং কর পরিদর্শকদের সাথে সভার অলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করেন এবং রাজস্ব আদায়ের কর্মপরিকল্পনা বিষয়ে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন। এ সময় পরিদর্শী রেঞ্জ কর্মকর্তা, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শকগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় ও সিদ্ধান্তঃ | দায়িত্বপ্রাপ্ত/বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১. | **লক্ষ্যমাত্রা ও আদায় কার্যক্রম সংক্রান্তঃ**<br>ক. ২০২৫-২০২৬ অর্থবছরের ফেব্রুয়ারি'২৬ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা ২৮৬৫ কোটি টাকার বিপরীতে আদায় হয়েছে ১৮১৭.০১ কোটি টাকা। বিগত অর্থ বছরে এ সময়ে আদায় ছিলো ১৬৪৩.০১ কোটি টাকা। লক্ষ্যমাত্রা আদায়ে প্রবৃদ্ধির হার ১০.৫৯%।<br>খ. ২০২৫-২০২৬ অর্থবছরে এ কর অঞ্চলে বাজেট লক্ষ্যমাত্রা ছিল ৩৫০০ কোটি টাকা। জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০২৭.০৮.০০৪.২৪(অংশ-৫)/১১৮, তারিখ-০৬/০১/২০২৬খ্রি. এর মাধ্যমে আরও ১৪৪০ কোটি টাকা বাড়িয়ে ৪৯৪০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত বাজেট লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>গ. রাজস্ব লক্ষ্যমাত্রা আদায়ে মাস ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক কর আদায় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে এবং এ ক্ষেত্রে সকল কর্মকর্তা ও কর্মচারীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক |
| ২. | **বকেয়া করের পরিস্থিতি ও আদায় সংক্রান্তঃ**<br>ক. বকেয়া আয়করের হালনাগাদ তালিকা অনুযায়ী প্রত্যেক কোম্পানী/ফার্মকে ই-মেইলের মাধ্যমে এবং স্বাভাবিক ব্যক্তি করদাতার ক্ষেত্রে ই-মেইল/এসএমএস এর মাধ্যমে বকেয়া পরিশোধের তাগাদা দিতে হবে।<br>খ. ইতোপূর্বে চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা এবং বিগত ০৩/১২/২০২৫খ্রি. তারিখে অত্র কর অঞ্চলে অনুষ্ঠিত বকেয়া আয়কর হালনাগাদ সংক্রান্ত পর্যালোচনা সভার নির্দেশনা মোতাবেক কর অঞ্চল-৩, চট্টগ্রামের সিংহভাগ বকেয়া আয়করের নথির তথ্য হালনাগাদ করা হলেও এ পর্যন্ত আদায় কার্যক্রম সন্তোষজনক নয়। এ সকল নথিতে অবিতর্কিত বকেয়ার পরিমাণ প্রায় ৭০%। বকেয়া আদায়ের ক্ষেত্রে প্রত্যেক সার্কেলের শীর্ষ ১০০ জন বকেয়া করদাতার তালিকা সার্কেল কর্মকর্তা থেকে অফিস সহকারী পর্যন্ত বিভাজন করা হলেও উক্ত তালিকা হতে আদায়ের কোন অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে না। বিভাজনকৃত দায়িত্ব সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন এ দপ্তরে নিয়মিত প্রেরণ করতে হবে।<br>গ. ব্যাংক সংযুক্তি কার্যক্রম গ্রহণ করার পূর্বে করদাতাকে বকেয়া করের তাগাদাপত্র প্রদান নিশ্চিত করতে হবে। করদাতাকে ২টি তাগাদাপত্র প্রদানের পরবর্তীতে অবিতর্কিত বকেয়া আদায়ে ব্যাংক সংযুক্তি কার্যক্রম গ্রহণ করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ (আরো কঠোরভাবে তদারকির জন্য জোড়ালো নির্দেশনা প্রদান করা হলো), সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক |

| | | |
|---|---|---|
| ৩. | **দাখিলকৃত পেপার রিটার্নের অনলাইনে এন্ট্রি (Double Entry) সংক্রান্ত:**<br>ক. বিগত ০৯/০৩/২০২৬খ্রি. তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত দাখিলকৃত পেপার রিটার্নের অনলাইন এন্ট্রি বিষয়ক সভার নির্দেশনা মোতাবেক গত ১ জুলাই, ২০২৫খ্রি. হতে অদ্যবধি সময়ে সার্কেলসমূহে দাখিলকৃত ২০২৫-২০২৬ করবর্ষের পেপার রিটার্ন অনলাইনে এন্ট্রির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ কর অঞ্চলে ০১/০৭/২০২৫খ্রি. হতে ১২/০৩/২০২৬খ্রি. তারিখ পর্যন্ত দাখিলকৃত পেপার রিটার্নের মধ্যে ৫৩২৫টি PSR এন্ট্রি হয়েছে। তৎমধ্যে পূর্ণাঙ্গ এন্ট্রি (Double Entry) সম্পন্ন হয়েছে ১৮০৩টি। যেসকল সার্কেলে এন্ট্রি সম্পন্ন হয়েছে তাঁদেরকে অভিনন্দন জানানো হয়। যাঁরা এন্ট্রি সম্পন্ন করেননি তাঁদেরকে জতীয় রাজস্ব বোর্ডের স্মারক নম্বর-০৮.০.০০০০.০০০.০২৭.৯৯.০০২৩.২৫/১৭৪, তারিখ: ১২/০৩/২০২৬খ্রি. এর নির্দেশনা মোতাবেক **আগামী ৩১/০৩/২০২৬খ্রি.** তারিখের মধ্যে অনলাইনে পূর্ণাঙ্গ এন্ট্রি (Double Entry) কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেওয়া হলো।<br>খ. টেকনিক্যাল সমস্যার কারণে বা অন্য কোন কারণে এন্ট্রি না হলে তা উপ কর কমিশনার, সদর দপ্তর প্রশাসনকে তাৎক্ষণিক অবগত করার জন্য নির্দেশ প্রদান করা হলো। | সকল পরিদর্শী রেঞ্জ ও সংশ্লিষ্ট সার্কেল কর্মকর্তা |
| ৪. | **১৪৭ ধারার কার্যক্রম সংক্রান্ত:**<br>ক. ১৪৭ ধারায় কার্যক্রম পরিচালনার পর দ্রুত সময়ের মধ্যে রিপোর্ট দাখিল করতে হবে।<br>খ. ১৪৭ ধারায় কার্যক্রম গ্রহণের পর করদাতার সাড়া পাওয়া না গেলে অতি দ্রুত কর নির্ধারণ সম্পন্ন করে দাবী সৃষ্টি ও আদায় করতে হবে।<br>গ. ১৪৭ ধারায় কার্যক্রমের মাধ্যমে সৃষ্ট দাবী আদায়ে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুসরণ করতে হবে। দাবী পরিশোধের জন্য করদাতা/প্রতিনিধিকে মোবাইল/টেলিফোনের মাধ্যমে তাগাদা দিতে হবে।<br>ঘ. যে সব প্রতিষ্ঠান ১৪৭ ধারার কার্যক্রমে সহযোগীতা করে না সে সব প্রতিষ্ঠানের তালিকা করে প্রয়োজনে পুনরায় ১৪৭ ধারার কার্যক্রম গ্রহণ করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ (আরো কঠোরভাবে তদারকির জন্য জোড়ালো নির্দেশনা প্রদান করা হলো), সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক |
| ৫. | **বিবিধ:**<br>ক. জাতীয় রাজস্ব বোর্ডের প্রদত্ত নির্দেশনা অনুযায়ী এবং আয়কর আইনের বিধান অনুসারে রিটার্ন প্রসেসের মাধ্যমে ত্রুটি উদঘাটন এবং দাবী সৃষ্টি ও কর আদায়ে অধিকতর গুরুত্ব দিতে হবে।<br>খ. ননফাইলার হতে নথি চালু করা, কর নির্ধারণ করা এবং কর আদায় সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>গ. জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা মোতাবেক ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন সেল (IIC) এর কার্যক্রম তরান্বিত করতে হবে। গোয়েন্দা কার্যক্রম বৃদ্ধির মাধ্যমে কর ফাঁকির তথ্য সংগ্রহ করে রাজস্ব সম্ভাবনাময় মামলাসমূহ ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন সেল এর অন্তর্ভূক্ত করতে হবে।<br>ঘ. মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংস্থাপন শাখার স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১৩.১৮.০০০১.২৬.৭০, তারিখ: ০২/০৩/২০২৬খ্রি. এর মাধ্যমে জারীকৃত পরিপত্রের সরকারি/ স্বায়ত্তশাসিত দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিক অবস্থান সংক্রান্ত নির্দেশনা এবং ইতোপূর্বে এ দপ্তরের কর্মস্থলে নিয়মিত উপস্থিতি সংক্রান্ত অফিস আদেশ যথাযথভাবে পরিপালন বা অনুসরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো। | সকল পরিদর্শী রেঞ্জ, ও সকল সার্কেল কর্মকর্তা |

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তার সুস্বাস্থ্য কামনা করে ও সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ মঞ্জুর আলম)
কর কমিশনার (চলতি দায়িত্ব)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
ফোনঃ ০২৩৩৩৩২৫৮৯৭

নথি নংঃ মা.রা.স/আসা/কঅ-৩/২০২৫-২০২৬/ ২২৩৫ (১-৪)

তারিখঃ ২৭ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
১২ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, শের-ই বাংলা নগর, ঢাকা।.....সদয় জ্ঞাতার্থে।
২। অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-৩, চট্টগ্রাম। ...} সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।
৩। উপ/সহঃ/অতিঃ সহকারী কর কমিশনার, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
৪। অফিস কপি।

১২.০৩.২০২৬
(শাহীন আক্তার)
সহকারী কর কমিশনার
সদর দপ্তর: (লিগ্যাল)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম